দৈনিক ইনকিলাব

তারিখ NOV. 04 1999
পৃষ্ঠা ১১ কলাম ৬

54

## নবম-দশম শ্রেণীর ইংরেজী নতুন বইয়ের ভুল তথ্য প্রসঙ্গে

ইংরেজী একটি আন্তর্জাতিক ভাষা। এর গুরুত্ব অপরিসীম। আমাদের দেশের ছাত্র-ছাত্রীদের জন্য এই ভাষা শিক্ষা করা সত্যিই খুব কঠিন কাজ। কোমলমতি ছাত্র-ছাত্রীরা জীবনের প্রথম ধাপে যা শিক্ষা লাভ করে তাই পরবর্তী জীবনের কর্মক্ষেত্রে রেখাপাত করে থাকে। আমাদের জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্য-পুস্তক বোর্ড কর্তৃক নবম-দশম শ্রেণীর জন্য লিখিত ইংরেজী বইটি বাস্তবিক পক্ষে 'Communicative system'-এর জন্য উপযোগী। বইটি একটি যুগান্তকারী পদ্ধতিতে ইংরেজী শিক্ষার দ্বার উন্মোচন করেছে। কিন্তু অতীব দুঃখের বিষয়, বইটিতে Grammatical কিছু ত্রুটি-বিচ্যুতির কথা বাদ দিলেও তথ্যগত অসংখ্য ভুল রয়েছে। আমি অত্যন্ত গুরুত্বপূর্ণ কয়েকটি ভুল সম্পর্কে নিম্নে আলোকপাত করলাম। বইটির Lesson নম্বর ২০-এ বলা হয়েছে যে, '১৮৯৯ সনে Eiffel Tower-এর নির্মাণ কাজ সমাপ্ত হয়েছিল। কিন্তু প্রকৃতপক্ষে এর নির্মাণ কাজ সমাপ্ত হয়েছিল ১৮৮৯ সনে। উক্ত Lesson-এর পাঁচটি স্থানে ১৮৯৯ সন লেখা রয়েছে। যেমন ঃ মূল গল্পে, Exercise-এর ৪ নং প্রশ্নের b-তে, ৫ নং প্রশ্নের b-তে এবং ৮ নং প্রশ্নের c-তে। একই Lesson-এর Exercise-এ ৭ নং প্রশ্নের c-তে বলা হয়েছে- পৃথিবীর দীর্ঘতম নদী আমাজান। আসলে পৃথিবীর দীর্ঘতম নদী হল 'নীল'। আমাজান নদীর দৈর্ঘ্য ৪,০৮০ মাইল এবং নীলের দৈর্ঘ্য ৪,১৬০ মাইল। সুতরাং আমাজানের দৈর্ঘ্য নীলের চেয়ে ৮০ মাইল কম। তথ্য সূত্র ঃ The Wordsworth Encyclopadia 1995 Lesson ২১-এ বলা হয়েছে, প্রেসিডেন্ট হোভার ১৯৩০ সনে অ্যাম্পায়ার স্টেট বিল্ডিং উদ্বোধন করেন কিন্তু প্রকৃতপক্ষে উদ্বোধন করেন ১৯৩১ সনে। তথ্য সূত্র ঃ আমেরিকান দূতাবাস; Lesson নম্বর ২৮-এ আর্মষ্টিং-এর ২০ মিনিট পর অলড্রিন চাঁদে অবতরণ করেন। বাস্তব পক্ষে তা হবে ৮ মিনিট পর। তথ্য সূত্র ঃ নবম-দশম শ্রেণীর পদার্থ বিজ্ঞান বইয়ের ৭৯ পৃষ্ঠা। আবার উক্ত গল্পের Part-2 তে বলা হয়েছে যে, ২০ ঘন্টা ৩৭ মিনিট নভোচারীরা চাঁদে অবস্থান করেছিলেন। কিন্তু প্রকৃতপক্ষে নভোচারীগণ প্রায় আড়াই ঘন্টা চাঁদের উপরে বিচরণ করেছিলেন। তথ্য সূত্র ঃ পঞ্চম শ্রেণীর বাংলা 'আমার বই' গল্প নং ২১ 'চাঁদে মানুষ'। Lesson নম্বর-৪৮-এ বলা হয়েছে যে, একটি তিমির ওজন ২৫০০ পাউন্ড কিন্তু এক দিনে আহার করে সে ৯০০০ হাজার পাউন্ড। Lesson নম্বর-৫৫-তে বলা হয়েছে যে, মিঃ হাকিম একজন বিপত্নীক কিন্তু দুঃখের ব্যাপার Lesson নম্বর ৫৬-তে বলা হয়েছে যে, মিঃ হাকিমের স্ত্রী ইতিপূর্বেই বিছানায় ঘুমাতে গিয়েছিলেন। Lesson নম্বর ৭২-এ- বলা হয়েছে যে, মাউন্ট এভারেস্ট বিজয়ের সময় এডমুন্ড হিলারীর সাথে ছিলেন তেঞ্জিংটরকে কিন্তু বাস্তবিক পক্ষে দ্বিতীয় ব্যক্তির নাম হবে তেঞ্জিং নরগে। পরিশেষে, নবম-দশম শ্রেণীর জন্য লিখিত ইংরেজী পাঠ্য বইটিতে ভুলের এমন আধিক্য থাকা সমীচীন নয়। কোমলমতি ছাত্র-ছাত্রীদের ভুল তথ্য শিখানো মোটেও উচিত নয়। তাই আমার প্রদত্ত তথ্যসমূহ যাচাই পূর্বক সঠিক তথ্য উক্ত বইটিতে প্রদানের আশু ব্যবস্থা গ্রহণের জন্য আমি জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্য পুস্তক বোর্ড কর্তৃপক্ষের নিকট আকুল আবেদন জানাচ্ছি।

—মোঃ কুতুব উদ্দিন
সহকারী প্রধান শিক্ষক,
শহীদ আবু তালেব উচ্চ বিদ্যালয়,
মিরপুর-১০, ঢাকা।